# তথ্য কমিশনের ২৯তম সভার কার্যবিবরণী

**সভাপতি** ঃ মরতুজা আহমদ
প্রধান তথ্য কমিশনার, তথ্য কমিশন

**সভার তারিখ** ঃ ১৭/১০/২০১৯ খ্রিস্টাব্দ **সময়ঃ** সকাল- ১১.০০ টা

**সভার স্থান** ঃ তথ্য কমিশনের সভাকক্ষ

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত হলো।**

সভার শুরুতেই সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য কমিশনের সচিবকে আহ্বান জানান। এ পর্যায়ে কমিশনের সচিব পর্যায়ক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সভার বিষয়সমূহ উপস্থাপন করেন। উপস্থাপিত বিষয়সমূহের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১। | বিগত সভার (২৮তম) সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | - | কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় তাঅনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়। | |

| ক্রমিক নং | আলোচনার বিষয় | বিগত সভার সিদ্ধান্ত | বিগত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ০২। | বিগত সভার (২৮তম) সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:<br>২.১। তথ্য কমিশনের ওয়েব সাইট আপডেট। | ১। গোপালগঞ্জ জেলার গোপালগঞ্জ সদর, সুনামগঞ্জ জেলার সুনামগঞ্জ সদর এবং ঢাকার আশেপাশের যে কোন একটি উপজেলাসহ মোট ০৩টি উপজেলায় পাইলটিং কার্যক্রম অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। তথ্য অধিকার আইন ২০০৯ এর আওতায় একটি অফিসের/প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও তাঁর আপীল কর্তৃপক্ষ কে হবেন এটি অনেক অফিসের কর্মকর্তাগণ স্পষ্ট জানেন না। ফলশ্রুতিতে আরটিআই অনলাইন ট্র্যাকিং সিস্টেমে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ নিবন্ধনের সময় সঠিকভাবে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ নিবন্ধন করা যায়না। এজন্য অফিসের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ একটি ম্যাপিং করে তালিকা/ছক প্রণয়ন করা প্রয়োজন। সাবেক তথ্য কমিশনার জনাব নেপাল চন্দ্র সরকারের সাথে আলোচনা করে একটি অফিস/প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও তার আপীল কর্তৃপক্ষ কিভাবে নির্ধারিত হবে সে বিষয়ে একটি তালিকা/ছক প্রস্তুতের জন্য পরিচালক (প্রশাসন) ও পিএস টু আইসি-২কে অনুরোধ করা হয়। | ১। উল্লিখিত উপজেলাসমূহে পাইলটিং করা হয়নি।<br>২। কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।<br>৩। সিলেট জেলার দুটি উপজেলায় (সদর ও দক্ষিণ সুরমাতে) পাইলটিং করা হয়েছে।<br>৪। প্রতিমাসে তথ্য কমিশনের ওয়েবসাইট হালনাগাদ করা হয়। এবং এর একটি প্রতিবেদন তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। এছাড়াও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য সহজে পাওয়ার জন্য ওয়েবসাইটে একটি সার্চবার প্রস্তুত করা হয়েছে। ওয়েবসাইটে প্রকাশযোগ্য তথ্যের একটি পরিপূর্ণ তালিকা প্রণয়নের জন্য সকল শাখাতে পত্র প্রেরণ করা হয়েছে। | ১। সারাদেশে A2i এর সহায়তায় ৩৩৩ সংযোগ স্থাপন করতে হবে।<br>২। প্রকল্প পরিচালক, এটুআই ও সচিব, তথ্য কমিশন ০৭ (সাত) দিনের মধ্যে MoU স্বাক্ষর করবেন। পরবর্তী ০৩ (তিন) দিনের মধ্যে জেলা প্রশাসকদের প্রয়োজনীয় নির্দেশনা দেওয়া হবে।<br>৩। ইউডিসিতে কর্মরত সংশ্লিষ্টদের প্রশিক্ষণ বিভাগীয় পর্যায়ে আয়োজন করা হবে এবং পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে।<br>৪। তথ্য কমিশন ডিজিটাল পদ্ধতিতে তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নের জন্য একটি অনলাইন প্লাটফরম (http://rtitracking.infocom.gov.bd/) নির্মাণ করেছে। প্লাটফরমটি প্রস্তুত ও বাস্তবায়নের জন্য তথ্য কমিশনকে a2i সহায়তা প্রদান করে আসছে। এরই ধারাবাহিকতায় তথ্য কমিশন নিম্ন বর্ণিত ক্ষেত্রে a2i এর সহযোগিতা প্রত্যাশা করছে।<br>ক) দেশব্যাপি স্থাপিত ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে তথ্য প্রাপ্তির আবেদন, আপীল ও অভিযোগ ফরম পূরণে সহায়তা; | সচিব, পরিচালক (প্রশা.), উপপরিচালক (প্রশা.) ও সহকারী প্রোগ্রামার, তথ্য কমিশন |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | ৩। ১৫ জুলাই ২০১৯ এর মধ্যে পাইলটিং কার্যক্রমের কর্মপরিকল্পনা ডিনেট থেকে গ্রহণপূর্বক তা কমিশনের নিকট উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪। প্রতিমাসে তথ্য কমিশনের ওয়েবসাইট হালনাগাদ করতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য সহজে পাওয়ার জন্য ওয়েব সাইটে একটি সার্চবার তৈরি করতে হবে।<br>৫। আগামী ১০ (দশ) দিনের মধ্যে ওয়েব সাইটে কি কি তথ্য আপলোড করা যেতে পারে বা কিকি তথ্য অপসারণ করা প্রয়োজন এবিষয়ে একটি প্রতিবেদন আগামী কমিশন সভায় উপস্থাপন করতে হবে। | | খ) ৩৩৩ সেন্টারের মাধ্যমে তথ্য প্রাপ্তির আবেদন, আপীল ও অভিযোগ ফরম পূরণে সহায়তা;<br>গ) অনলাইনে তথ্য প্রাপ্তির আবেদন সিস্টেম (আরটিআই অনলাইন ট্র্যাকিং সিস্টেম) বাস্তবায়নে সহায়তা;<br>ঘ) স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকার টেমপ্লেট প্রস্তুতকরণে সহায়তা;<br>ঙ) তথ্য প্রদানকারী কর্মকর্তাদের জন্য ড্যাশবোর্ড তৈরি ও পরিচালনায় সহায়তা; এবং<br>চ) তথ্য অধিকার আইন বাস্তবায়নে নাগরিক সচেতনতা সৃষ্টিতে সহায়তা। | |
| | **২.২। শূন্য পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে কমিটি গঠন।** | সহকারী বেঞ্চ সহকারী পদ ০২টি বাদ দিয়ে অন্যান্য পদগুলোতে পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি জারীর সিদ্ধান্ত গৃহীত হয়। | পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। বিজ্ঞপ্তি অনুযায়ী সকল পদে সর্বমোট ১৯১২টি আবেদন পাওয়া গিয়েছে। আবেদনগুলো বাছাই উপকমিটির মাধ্যমে কম্পিউটারে এন্ট্রি ও প্রাথমিক বাছাই কার্যক্রম চলমান রয়েছে। চলতি মাসের মধ্যেই বাছাই উপকমিটির প্রতিবেদন দাখিল করা সম্ভব হবে। | ৩০ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে প্রতিবেদন দাখিল করতে হবে। প্রতিবেদন পাওয়ার পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। | সচিব,<br>ও<br>পরিচালক (প্রশাসন) তথ্য কমিশন |
| | **২.৩। জনাব মোঃ জাবির বিন আহসান, অফিস সুপারকে ব্যক্তিগত কর্মকর্তা পদে পদোন্নতি।** | শুধুমাত্র সহকারী বেঞ্চ সহকারী পদ ০২টি বাদ দিয়ে অন্যান্য পদগুলোতে পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। | বাস্তবায়িত | বাস্তবায়িত | |
| ০৩। | " অবাধ তথ্য প্রবাহ নিশ্চিতকরণ এবং টেকসই উন্নয়ন সাধন" প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | ০৭/০৭/২০১৯ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে ডিপিপি'র খসড়া তথ্য কমিশনে দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী পরিচালক (হিসাব ও বাজেট) জানান যে, প্রকল্পের ডিপিপি প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে। | ৩০ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে ডিপিপি চূড়ান্ত করতে হবে এবং পরবর্তী কমিশন সভায় তা অনুমোদন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | পরিচালক (গ.প্র.প্র) ও পিএস্টু আইসি-২<br>সহকারী পরিচালক (প্রচারও প্রকাশ) |
| ০৪। | অভিযোগের রেজিষ্টার এন্ট্রিকরণ, নথির শ্রেণিবিন্যাস ও সূচিকরণ, ডাটা এন্ট্রিকরণ বাস্তবায়ন অগ্রগতি। | ১। আগামী ১১/০৭/২০১৯ খ্রিস্টাব্দ তারিখের (এক সপ্তাহ) মধ্যে অভিযোগ এন্ট্রির রেজিস্টার বাঁধাই করার জন্য সংশ্লিষ্ট প্রতিটি দলের দলনেতাকে দায়িত্ব দেয়া হয়। বাঁধাই শেষে রেজিষ্টারগুলো দলনেতাগণকে প্রধান তথ্য কমিশনারের নিকট পেশ করতে হবে। | ১। অভিযোগ এন্ট্রি করে এর সফট কপি সংশ্লিষ্ট দলনেতাগণ কর্তৃক সংরক্ষণ করা হয়েছে। আইন, বিচার ও রীট শাখার চাহিদা মোতাবেক একটি বড় প্রিন্টার (A2) ক্রয়ের উদ্যোগ নেয়া হয়েছে। প্রিন্টার ক্রয়ের পর সফট কপি প্রিন্ট করে রেজিষ্টার বাঁধাই করা হবে। | ২১/১০/২০১৯ তারিখে এবিষয়ে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। | সংশ্লিষ্ট দলনেতা<br>গবেষণা কর্মকর্তা<br>সকল শাখার শাখা কর্মকর্তা |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | ২। চলতি ২০১৯ সাল হতে রেজিষ্টার হালনাগাদ রাখার জন্য সংশ্লিষ্ট ০৪ জন কর্মচারিকে পত্র দেয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৩। প্রশাসন/হিসাব/আইন, বিচার ও রীট শাখাসহ সকল শাখাকে আগামী ০২ (দুই) মাসের মধ্যে নথির শ্রেণিবিন্যাস ও সূচিকরণ সমাপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৪। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের ডাটা এন্ট্রিকরণ তালিকা কিভাবে হালনাগাদ সম্পন্ন করা হবে সে বিষয়ে তথ্য কমিশনার-২ এর সাথে আলোচনা করে উপপরিচালক (গ.প্র.প্র.) এবং পিএসটু আইসি-২ প্রতিবেদন দাখিল করবেন। | ২। বাস্তবায়িত।<br><br>৩। কার্যক্রম চলমান আছে।<br><br>৪। ২০১৯ সালের পেন্ডিং ডাটা প্রথমে এন্ট্রি দেয়ার জন্য তথ্য কমিশনার-২ নির্দেশনা প্রদান করেন। নির্দেশনা অনুযায়ী মে হতে সেপ্টেম্বর পর্যন্ত আগত সকল ডাটা এন্ট্রি দেয়া হয়েছে। | ২। বাস্তবায়িত।<br>২১/১০/২০১৯ খ্রিস্টাব্দ তারিখে এ বিষয়ে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। | উপপরিচালক (গ.প্র.প্র.) এবং পিএসটু আইসি-২ |
| ০৫। | তথ্য কমিশন ভবন নির্মাণ কাজের অগ্রগতি পর্যালোচনা। | তথ্য কমিশন ভবন নির্মাণ সংক্রান্ত বিষয়ে তাগিদপত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ HOPE কর্তৃক অনুমোদনের অপেক্ষাধীন। | দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ অনুমোদনের জন্য গণপূর্ত অধিদপ্তর গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রেরণ করেছেন | সচিব<br>তথ্য কমিশন<br>ও<br>প্রকল্প পরিচালক |
| | তথ্য কমিশনের প্রশাসনিক সভার নাম নির্ধারণ বিষয়ে আলোচনা। | ১। প্রশাসনিক সভার নাম পূর্ববৎ থাকবে।<br>২। প্রতিমাসে সচিবের সভাপতিত্বে ন্যূনতম ১টি সভার আয়োজন করতে হবে। | বাস্তবায়িত | বাস্তবায়িত | সচিব<br>তথ্য কমিশন |
| ০৭। | বিবিধ | ১। কর্মকর্তা ও কর্মচারিদের হালনাগাদকৃত কার্যাবলী তথ্য কমিশনের ওয়েবসাইটে আপলোড করতে হবে।<br><br>২। সিটিজেনস চার্টার এবং কমিশনের কর্মকর্তা ও কর্মচারিদের দায়িত্ব ও কর্তব্য (Job Description) বিষয়ে করণীয় সম্পর্কে উপপরিচালক (গ.প্র.প্র.) কে সুপারিশ প্রণয়নের দায়িত্ব প্রদান করা হয়। | ১। ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।<br><br>২। সুপারিশমালা প্রণয়ন করা হয়নি। | ১। বাস্তবায়িত<br><br>২। ৩০ অক্টোবর ২০১৯ তারিখের মধ্যে সুপারিশমালা দাখিল করতে হবে। | উপপরিচালক (গ.প্র.প্র.),<br>তথ্য কমিশন |
| | | জেলা ও বিভাগীয় পর্যায়ের কর্মকর্তা এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাসহ অন্যান্যদের জন্য রিফ্রেসার্স/প্রশিক্ষণ কোর্স এবং অনলাইন প্রশিক্ষণ কোর্স আয়োজনের বিষয়ে আগামী ০৭ দিনের মধ্যে সুপারিশমালা তথ্য কমিশনার-১ এর মাধ্যমে প্রণয়ন করে প্রধান তথ্য কমিশনারের নিকট পেশ করতে হবে। | বাস্তবায়নের প্রক্রিয়া চলছে। অনুমোদনের অপেক্ষায়। | সকলকে প্রশিক্ষণ বিষয়ক প্রণীত সুপারিশমালার কপি দিতে হবে। | পরিচালক (গ.প্র.প্র.),<br>উপ পরিচালক (গ.প্র.প্র.),<br>ও সহঃপরিচালক (প্রশিক্ষণ)<br>তথ্য কমিশন |
| | | আগামী ০১ (এক) মাসের মধ্যে ভিডিও কনফারেন্স বিষয়ে কর্মপরিকল্পনা প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | বাস্তবায়নাধীন। অনুমোদনের জন্য অপেক্ষমান। | আগামী নভেম্বর/২০১৯ মাসের ১ম সপ্তাহে একটি ভিডিও কনফারেন্স আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (গ.প্র.প্র.),<br>উপ পরিচালক (গ.প্র.প্র.),<br>ও সহঃপরিচালক (প্রশিক্ষণ) |

অত:পর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে আলোচনায় অংশগ্রহণের জন্য ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মরতুজা আহমদ)
প্রধান তথ্য কমিশনার
তথ্য কমিশন

স্মারক নংঃ১৫.৫১.০০০০.৫০১.১৭.০০৪(০২).১৩- ৯৫৫০

তারিখ ঃ ~~২২/০৭/২০১৭~~ ৩১/১০/২০১৭ খ্রিস্টাব্দ

<u>অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>

০১। সচিব, তথ্য মন্ত্রণালয়।
০২। সচিব, তথ্য কমিশন।
০৩। পরিচালক (সকল), তথ্য কমিশন।
০৪। প্রধান তথ্য কমিশনারের একান্ত সচিব, তথ্য কমিশন (প্রধান তথ্য কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৫। উপপরিচালক (সকল), তথ্য কমিশন।
০৬। তথ্য কমিশনারের একান্ত সচিব (সকল), তথ্য কমিশন (তথ্য কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য)।
০৭। সহকারি পরিচালক (সকল), তথ্য কমিশন।
০৮। গবেষণা কর্মকর্তা, তথ্য কমিশন।
০৯। জনসংযোগ কর্মকর্তা, তথ্য কমিশন।
১০। সহকারি প্রোগ্রামার, তথ্য কমিশন (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। অফিস কপি।

৩১.১০.২০১৭
(মো: তৌফিকুল আলম)
সচিব
তথ্য কমিশন
ফোন ঃ ৯১১১৫৯০